# আওয়ামী লীগ শত্রু নয়, আমাদের মিত্র: বিএনপির এমপি




ছবি: সংগৃহীত

আওয়ামী লীগকে শত্রু নয়, বরং মিত্র বলে মন্তব্য করেছেন সুনামগঞ্জ-২ (দিরাই-শাল্লা) আসনের বিএনপির সংসদ সদস্য নাছির চৌধুরী। তিনি বলেন, মুক্তিযুদ্ধে বিএনপি ও আওয়ামী লীগ একসঙ্গে ছিল। তার দাবি, ভবিষ্যতে আওয়ামী লীগ বিএনপির সঙ্গে মিশে যাবে, কারণ তাদের সামনে আর কোনো বিকল্প নেই।

বৃহস্পতিবার (৬ আগস্ট) বিকেলে দিরাই থানা পয়েন্টে উপজেলা ও পৌর বিএনপির আয়োজিত জুলাই স্মরণ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

দলীয় বিভক্তির প্রসঙ্গ তুলে নাছির চৌধুরী বলেন, এটাই উপজেলা বিএনপির মূল সমাবেশ। ৮ আগস্ট বিএনপির নামে আলাদা কর্মসূচি যারা করছে, তারা দলে বিভেদ তৈরির চেষ্টা করছে। এ বিষয়ে নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

LENS ASIA

নিজের বিরুদ্ধে চলা সমালোচনা ও অপপ্রচারের জবাব দিয়ে তিনি বলেন, তাকে ঘিরে যেসব অভিযোগ ছড়ানো হচ্ছে, সেগুলো উদ্দেশ্যপ্রণোদিত। ছোট ভাই ও উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মাসুক চৌধুরীর প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'আমার কোনো ভাই নেই, আমি একা।' একই সঙ্গে তিনি অভিযোগ করেন, তার বাসভবনও দখল করা হয়েছে।

দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, যারা তার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ করছেন, তারা প্রকৃত তথ্য জানেন না। সরকারি বরাদ্দ সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট প্রশাসনের কাছ থেকে তথ্য নেওয়ার পরামর্শ দেন তিনি।

নাছির চৌধুরী আরও বলেন, তিনি যতদিন দায়িত্বে থাকবেন, ততদিন কাউকে দুর্নীতি করার সুযোগ দেবেন না।

সমাবেশে উপজেলা বিএনপির আহ্বায়ক আমির হোসেনের সভাপতিত্বে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতারা উপস্থিত ছিলেন এবং বক্তব্য দেন।

lensasia.net

https://lensasia.net/rajneeti/news/view/আওয়ামী-লীগ-শত্রু-নয়-আমাদের-মিত্র-বিএনপির-এমপি